

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নোয়াখালী

ও  
রিটার্নিং অফিসারের কার্যালয়  
৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪ (২য় ধাপ)

জরুরী

নির্বাচন অগ্রাধিকার

তারিখ: ১৫ মে ২০২৪

## গণবিজ্ঞপ্তি

আগামী ২১ মে ২০২৪ তারিখ ৬ষ্ঠ উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন-২০২৪ (২য় ধাপ) এর ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ৭৪ অনুযায়ী সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোন ব্যক্তি কোন নির্বাচনি এলাকার ভোটগ্রহণ শুরুর পূর্ববর্তী ৩২ (বত্রিশ) ঘণ্টা এবং ভোটগ্রহণ শুরুর পরবর্তী ৬৪ ঘণ্টার মধ্যে অর্থাৎ ১৯ মে ২০২৪ তারিখ দিবাগত রাত ১২টা হতে ২৩ মে ২০২৪ তারিখ দিবাগত ১২টা পর্যন্ত উক্ত নির্বাচনি এলাকায় কোন জনসভা আহ্বান, অনুষ্ঠান বা উহাতে যোগদান করিতে পারিবেন না।

২। অনুচ্ছেদ-১ এ উল্লিখিত সময়ের মধ্যে কোন ব্যক্তি-

- ক) কোন অক্রমগাঙ্কক কাজ বা বিশৃঙ্খলামূলক আচরণ করিতে পারিবেন না;  
খ) ভোটের বা নির্বাচনি কার্যে নিয়োজিত বা দায়িত্ব পালনরত কোন ব্যক্তিকে ভয়ভীতি প্রদর্শন করিতে পারিবেন না; বা  
গ) কোন অস্ত্র বা শক্তি প্রদর্শন বা ব্যবহার করিতে পারিবেন না।

৩। কোন ব্যক্তি উল্লিখিত কার্যকলাপের দায়ে দোষী সাব্যস্ত হলে তিনি অন্যান্য ৬ (ছয়) মাস ও অনধিক ৫ (পাঁচ) বৎসর কারাদণ্ডে বা অনধিক ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা অর্থদণ্ডে বা উভয় দণ্ডে দণ্ডনীয় হবেন।

২৫/০৫/২০২৪

শারমিন আরা

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নোয়াখালী

ও

রিটার্নিং অফিসার

৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪ (২য় ধাপ)

তারিখ: ১৫ মে ২০২৪

নম্বর: ০৫.৪২.৭৫০০.০০৫.৯৯.০৪০.২৪- ৪০৬

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম
৩. জেলা প্রশাসক, নোয়াখালী
৪. পুলিশ সুপার, নোয়াখালী
৫. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা
৬. উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার, চাটখিল/সোনাইমুড়ী/সেনবাগ, নোয়াখালী
৭. উপজেলা নির্বাচন অফিসার চাটখিল/সোনাইমুড়ী/সেনবাগ, নোয়াখালী।
৮. সভাপতি/সম্পাদক, নোয়াখালী প্রেস ক্লাব
৯. সভাপতি/সম্পাদক, চাটখিল প্রেস ক্লাব/সোনাইমুড়ী প্রেস ক্লাব/সেনবাগ প্রেস ক্লাব, নোয়াখালী
১০. ....

২৫/০৫/২০২৪

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নোয়াখালী

ও

রিটার্নিং অফিসার

৬ষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪ (২য় ধাপ)